



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ১১৪

তারিখঃ ০৫ আগস্ট ২০২১

প্রেস বিজ্ঞপ্তি-

আজ সকাল ১১ টায় অনলাইনে জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসির সভাপতিত্বে প্রতিবন্ধী ব্যক্তি ও অটিজম বিষয়ক থিমটিক কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় ঈদের বিশেষ অনুষ্ঠানমালায় চ্যানেল আইতে প্রচারিত 'ঘটনা সত্য' নাটক নিয়ে তীব্র প্রতিক্রিয়া ব্যক্ত হয়। প্রতিবন্ধিতা জীব বৈচিত্র্যের একটি অংশ। উক্ত নাটকের শেষ অংশে প্রতিবন্ধী শিশুর জন্ম নেয়াকে মা-বাবার পাপের ফল হিসেবে উল্লেখ করা হয়েছে, যা সম্পূর্ণরূপে, অবৈজ্ঞানিক, ভিত্তিহীন, অযৌক্তিক ও ভ্রান্ত ধারণাপ্রসূত। এ মন্তব্যের মাধ্যমে প্রতিবন্ধী ব্যক্তি ও তাঁদের অভিভাবকদের অনুভূতিতে তীব্র আঘাত দেয়া হয়েছে। বিভিন্ন সামাজিক মাধ্যমে এবিষয়ে অনেকেই তীব্র নিন্দা জানিয়ে প্রতিক্রিয়া ব্যক্ত করেছেন। ইতোপূর্বেও গনমাধ্যমে প্রচারিত অনুষ্ঠানে প্রতিবন্ধিকাকে নেতিবাচকভাবে উপস্থাপন করা হয়েছে। প্রতিবাদের প্রেক্ষিতে দুঃখ প্রকাশ এবং ক্ষমা প্রার্থনা চাওয়া হয়েছে। এবারও নাটকের সঙ্গে সংশ্লিষ্ট পক্ষ থেকে দুঃখ প্রকাশ ও ক্ষমা চাওয়া হয়েছে। তবে প্রতিবারই ক্ষমা ও একই ঘটনার পুনরাবৃত্তি কখনো কাম্য নয়। প্রতিবন্ধিতা সম্পর্কে এ ধরনের নেতিবাচক ও বিরূপ বক্তব্য প্রচার 'প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩'- এর ৩৭(৪) ধারা অনুসারে একটি দণ্ডযোগ্য অপরাধ। সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

(ক) ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় প্রচারিত সকল কনটেন্টে প্রতিবন্ধী জনগোষ্ঠির অধিকার ও মর্যাদা সমুল্লত রাখার বিষয়টি নিশ্চিতের জন্য প্রয়োজনীয় নির্দেশনা জারি করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে পত্র প্রেরণ;

(খ) কোভিড-১৯ টিকা কার্যক্রমে প্রতিবন্ধী ব্যক্তিদের অগ্রাধিকার প্রদানের সুপারিশ জানিয়ে সংশ্লিষ্ট মন্ত্রণালয়ে পত্র প্রেরণ;

(গ) সকল গণস্থাপনা ও সেবাসমূহে প্রতিবন্ধী ব্যক্তিদের অভিজ্ঞতা নিশ্চিত করার লক্ষ্যে একটি সার্বজনীন অভিজ্ঞতা (Accessibility) আইনের খসড়া প্রস্তুত করে সরকারের নিকট সুপারিশ আকারে প্রেরণ;

সভায় উপস্থিত ছিলেন কমিটির সম্মানিত সদস্য মোঃ আনোয়ার উল্লাহ, ব্যবস্থাপনা পরিচালক, নিউরো ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট, বাংলাদেশ; মনসুর আহমেদ চৌধুরী, সদস্য, ডিসএবিলিটি কাউন্সিল ইন্টারন্যাশনাল; এ এইচ এম নোমান খান, নির্বাহী পরিচালক, সেন্টার ফর ডিসএবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি); খন্দকার জহুরুল আলম, নির্বাহী পরিচালক, সেন্টার ফর সার্ভিসেস এন্ড ইনফরমেশন অন ডিসএবিলিটি (সিএসআইডি); ফরিদা ইয়াসমিন, নির্বাহী পরিচালক, ডিসএবিলিটি রিসার্চ এন্ড রিহ্যাবিলিটেশন এসোসিয়েশন (ডিআরআরএ) ; আশরাফুল্লাহার মিষ্টি, নির্বাহী পরিচালক, উইম্যান উইথ ডিসএবিলিটিস এন্ড ডেভেলপমেন্ট ফাউন্ডেশন।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ